**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 3 May 2026** **TIME: 7:45 PM**

---

১) বিধানসভা নির্বাচনের ভোটগণনার জন্য যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ/ আগামীকাল রাজ্যের ৩৫ টি জেলার ৪০ টি কেন্দ্রে ১২৬ টি বিধানসভা আসনের জন্য ভোটগণনা । জেলা প্রশাসনসমূহের প্রস্তুতি সম্পূর্ণ ।

২) বরাক উপত্যকার তিন জেলায়ও প্রস্তুতি সম্পূর্ণ । ভোটগণনা ও ফলাফল ঘোষনার প্রতি লক্ষ্য রেখে জেলাগুলিতে সতর্কতামূলক ব্যাবস্থা গ্রহণ ।

৩) নাগরিকত্ব সংশোধনী আইন সম্পর্কীত মামলা নিয়ে আগামী মঙ্গলবার থেকে সুপ্রীম কোর্টে শুনানী গ্রহণ ।
এবং

৪) সংবাদ স্বাধীনতার মৌলিক নীতি সমুহ উদযাপন করতে আসামেও আজ বিশ্ব সংবাদ মাধ্যম স্বাধীনতা দিবস পালন ।

---

আগামীকাল অনুষ্ঠেয় বিধানসভা নির্বাচনের ভোটগণনার পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসনসমূহ প্রস্তুতি সম্পূর্ণ করেছে ।আগামীকাল সকাল ৮ টা থেকে ডাক ব্যালট গণনার মাধ্যমে ভোট গণনা আরম্ভ হবে । ভোটগণনার জন্য ৩৫ টি জেলার মূখ্য কার্যালয়ে মোট ৪০ টি কেন্দ্রে ১২৬ টি বিধানসভা আসনের জন্য ভোট গণনা করা হবে ।আগামীকাল ৫৯ জন মহিলা সহ ৭২২ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করা হবে ।উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে রয়েছেন বিজেপির প্রবীণ নেতা তথা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ,আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি গৌরব গগৈ , বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী , বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া , এ আই ইউ ডি এফ প্রধান বদর উদ্দিন আজমল , রাইজর দলের সভাপতি অখিল গগৈ , অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিনজ্যোতি গগৈ অন্যতম ।

এদিকে ভোট গণনা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরিচালনা করার জন্য নিরাপত্তা ব্যবস্থা কঠোর করে তোলা হয়েছে । এছাড়া ষ্ট্রংরুমগুলোর নিরাপত্তা ব্যবস্থার প্রতি সতর্ক দৃষ্টি রাখা হয়েছে ।ভোটগণনা প্রক্রিয়া নিরীক্ষণের জন্য ১২৬ জন ভোটগণনা পর্যবেক্ষক নিয়োগ করা হয়েছে এবং এই প্রক্রিয়ায় ৫ হাজার ৯৮১ জন ভোটগণনা আধিকারিক ও দুই হাজার ৩৪৭ জন মাইক্রো অবজারভার সহযোগীতা করবেন । প্রতিটি বিধানসভা কেন্দ্রের ভোটদানের হারের ওপর ভিত্তি করে ১৫ থেকে ২৮ টি রাউন্ডে ভোটগণনা করা হবে ।এদিকে বিধানসভা নির্বাচনের ভোটগণনা ও ফলাফল ঘোষনার প্রতি লক্ষ্য রেখে আগাম সতর্কতামূলক ব্যাবস্থা হিসেবে জেলা প্রশাসনের পক্ষ থেকে বেশকিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে । জেলা প্রশাসনের অনুমতি ছাড়া শোভাযাত্রা করা , বাজী

ফাটানো , এবং মাইক বাজানোর ক্ষেত্রে সাময়িকভাবে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ।

এছাড়া ভোটগ্রহণ কেন্দ্রের ১০০ মিটার ব্যাসার্ধের মধ্যে ৫ জন বা ততোধিক লোকের সমাবেশ ,লাউড স্পিকারের ব্যাবহার করার ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । আগামীকাল ভোটগণনার পরিপ্রেক্ষিতে সব জেলায় সুরা নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে ।

---

বরাক উপত্যকার তিন জেলায় ও ভোট গণনার প্রস্তুতি সম্পূর্ণ। কাছাড়ের জেলা আয়ুক্ত আয়ুষ গর্গ ইতিমধ্যে জানান যে আগামীকাল শিলচর রামনগর আই এস টি টি-তে স্ট্রং রুম সকাল ৭টায় খোলা হবে । সকাল ৮টা থেকে প্রথমে পোষ্টাল ব্যালট ও সকাল সাড়ে ৮টা থেকে ই ভি এম-এর ভোট গননা প্রক্রিয়া শুরু হবে । জেলা আয়ুক্ত শ্রীগর্গ জানান যে জেলার সাতটি বিধানসভা কেন্দ্রের ভোট গননা এক সঙ্গে অনুষ্ঠিত হবে এবং প্রতিটি বিধানসভা কেন্দ্রে ১৪টি করে টেবিল থাকবে । একমাত্র কাটিগড়া বিধানসভা কেন্দ্রে ২১ রাউন্ডে ভোট গননা সম্পূর্ন করা হবে । বাকী বিধানসভা কেন্দ্রগুলিতে ১৬ থেকে ১৭ রাউন্ডে গননা সম্পূর্ন হবে বলে জেলা আয়ুক্ত জানিয়েছেন ।

গননা প্রক্রিয়ায় ৭শ জন গননা কর্মী সহ পাঁচশ জন নিরাপত্তা কর্মীকে নিয়োজিত করা হয়েছে বলে জেলা আয়ুক্ত জানান ।

হাইলাকান্দি জেলার ভোটগণনার  প্রস্তুতি ও সম্পূর্ণ ।আগামী কাল হাইলাকান্দি শহরের ভি এম এইচ এস স্কুলে ভোটগণনা অনুষ্ঠিত হবে ।

---

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসনের ভোটগণনা শ্রীভূমি শহরের করিমগঞ্জ কলেজে অনুষ্ঠিত হবে । এখানেও ভোটগণনা সুষ্ঠুভাবে সম্পন্ন করতে গণনা কেন্দ্র এবং তার পাশ্ববর্তী এলাকায় জারি করা নির্ধারিত বিধি নিষেধ কার্যকর থাকবে । এছাড়া শহরে যানবাহন চলাচল স্বাভাবিক রাখতে শ্রীভূমি জেলা পুলিশের যানবাহন নিয়ন্ত্রণ শাখা থেকে কিছু নিষেধাজ্ঞা জারি করা হয়েছে । সে অনুসারে আগামীকাল সকাল ৬ টা থেকে ভোটগণনা শেষ না হওয়া পর্যন্ত শহরের সন্তর বাজার পয়েন্ট থেকে এওসি পয়েন্ট পর্যন্ত সড়কে সবধরণের যানবাহন চলাচল বন্ধ থাকবে । শিলচর থেকে আসা গাড়ী ও নিলামবাজারের দিক থেকে আসা গাড়ী সুভাষনগর হয়ে যাবে । লাতু লঙ্গাই ,ফকিরা বাজার ইত্যাদি থেকে আসা গাড়ীগুলো সন্তর বাজার  ,চর বাজার হয়ে যাবে । এছাড়া আগামীকাল করিমগঞ্জ কলেজের সম্মুখে সড়কে ও ফুটপাথের দুই পাশে কোনো ধরণের দোকান না বসাতেও নির্দেশ দেওয়া হয়েছে ।

---

এদিকে কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে আগামীকাল ভোট গণনা প্রক্রিয়া সুষ্ঠভাবে সম্পন্ন করতে ভোট গণনা কেন্দ্র ও সংলগ্ন এলাকায় আইন শৃংখলা পরিস্থিতি তদারকির দায়িত্ব কয়েকজন ম্যাজিষ্ট্রেটের উপর অর্পণ করা হয়েছে ।

এই দায়িত্বে নিয়োজিত ম্যাজিষ্ট্রেটদের মধ্যে  শিলচর সদর রাজস্ব চক্রের চক্র আধিকারিক অর্নব কুমার বরুয়া , ধলাই-র সহকারী আয়ুক্ত রজনীশ শর্মা , সহকারী আয়ুক্ত ভায়োলিনা বরুয়া , সহকারী আয়ুক্ত অনিন্দিতা দাস , বড়খলার খন্ড উন্নয়ন আধিকারীক বিষু দাস , সহকারী কার্যবাহী বাস্তুকার অভিষেক পান্ডে রয়েছেন ।

---

ভোটগণনার পরিপ্রেক্ষিতে আগামীকাল আকাশবানী শিলচর কেন্দ্রের সংবাদ বিভাগ সকাল ৯ টা থেকে বিকেল ৫ টা পর্যন্ত এক ঘন্টা পর পর বিশেষ নির্বাচনী সংবাদ প্রচার করবে । এছাড়াও বেলা ১২ টা বেজে পাঁচ মিনিট থেকে নির্বাচনের ফলাফল সংক্রান্ত বিশেষ আলোচনা শোনা যাবে ।

---

রাজ্য সরকার সব জেলা আয়ুক্ত ,প্রবীণ পুলিশ সুপার এবং ব্যাটেলিয়নের কমান্ডিং আধিকারিকদের ভোটগণনার পর সম্ভাব্য হিংসাত্মক ঘটনা রোধ করার জন্য ব্যাবস্থা গ্রহণ করতে নির্দেশ দিয়েছে । রাজ্যের মূখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল গতকাল ভিডিও কনফারেন্সিং ব্যাবস্থার মাধ্যমে ভোটগণনা সম্পর্কে পুলিশ সঞ্চালক প্রধান হরমিত সিং ,গৃহ বিভাগের অতিরিক্ত মূখ্য সচিব অজয় তিওয়ারী ও জেলা আয়ুক্ত ,প্রবীণ পুলিশ সুপার ব্যাটেলিয়নের কমান্ডিং আধিকারিকদের সঙ্গে যৌথ আলোচনায় মিলিত হন । আলোচনায় তিনি আধিকারিকদের ষ্ট্রংরুম ও গণনা কক্ষের বাধ্যতামূলক পরিদর্শন নিশ্চিত করার নির্দেশ দেন । সেইসঙ্গে  তিনি ভোটগণনা কেন্দ্রগুলিতে পর্যাপ্ত পুলিশ

ও আধাসামরিক বাহিনীর লোককে নিয়োগ করতে  তথা ভোটগণনা সম্পর্কীত সুরক্ষার নিয়ম কঠোরভাবে পালন করতে বলেন । বৈঠকে সব আধিকারিকদের শান্তিপূর্ণ ,স্বচ্ছ ও সুশৃঙ্খলভাবে  ভোটগণনা এবং ভোটগণনার পরবর্তী সময়ে সুস্থির পরিবেশ সুনিশ্চিত করতে নির্দেশ দেওয়া হয় ।

---

নাগরিকত্ব সংশোধনী আইন সম্পর্কীত মামলা নিয়ে আগামী মঙ্গলবার থেকে সুপ্রীম কোর্টে শুনানী অনুষ্ঠিত হবে । ১২ মে আইনটির সঙ্গে জড়িত মামলাসমূহের চূড়ান্ত শুনানী গ্রহণ করা হবে । উল্লেখ্য এই আইন সম্পর্কে ২০১৯ সাল থেকে ২০০ টি মামলা আদালতে বিচারাধীন রয়েছে । ২০২৪ সালের ১৯ মার্চ আইনটির শুনানী গ্রহণের দুবছর পর চলতি বছরের ১৯ ফেব্রুয়ারী সুপ্রীম কোর্টে এই মামলাসমূহের শুনানী অনুষ্ঠিত হয়েছিলো । আদালত ওইদিনই চূড়ান্ত বিচারের জন্য ৫ মে থেকে ১২মে পর্যন্ত সময় নির্ধারণ করে । সে অনুসারে ৫ মে দেশের মূখ্য বিচারপতি সূর্যকান্তের নেতৃত্বে বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি বিপুল মনোভাই পাঞ্চলিকে নিয়ে গঠিত তিনজনের বিচারপীঠ শুনানী গ্রহণ করবে । তবে অসম সম্মিলিত মহাসংঘ তথা আসামের দল-সংগঠনসমূহের দাখিল করা মামলাসমূহের শুনানী ৬ মে বিকেল দুটো থেকে অনুষ্ঠিত হবে ।

---

আজ বিশ্ব সংবাদ মাধ্যম স্বাধীনতা দিবস । প্রতি বছর তেসরা মে সংবাদ মাধ্যমের স্বাধীনতার মৌলিক অধিকারগুলিকে স্বীকৃতি দেওয়া ,সমগ্র বিশ্বে সংবাদ মাধ্যমের স্বাধীনতা মূল্যায়ন করা ,সংবাদ মাধ্যমের স্বাধীনতায় আক্রমণ রোধ করা এবং কর্তব্যের সময়ে প্রাণ হারানো সাংবাদিকদের শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপনের উদ্দেশ্যে এই দিবস উদযাপন করা হয় । এবছর এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে-----শান্তির ভবিষ্যত গড়ে তোলা -----

বিশ্ব সংবাদ মাধ্যম স্বাধীনতা দিবসে মত প্রকাশের স্বাধীনতাকে পুনরায় দৃঢ় করার জন্য এবং কৃত্রিম বুদ্ধিমত্তার সঙ্গে মানব অধিকারের কর্মীদের ভবিষ্যত শক্তিশালী করার জন্য গুরুত্বপূর্ন সুযোগ প্রদান করছে ।

ইউনেস্কোর সাধারন সম্মেলনের পরামর্শ অনুযায়ী ১৯৯৩ সালের ডিসেম্বরে রাষ্ট্রসংঘের সাধারন পরিষদ সংবাদ মাধ্যম স্বাধীনতা দিবস পালনের বিষয়ে ঘোষনা করেছিলো । এই দিবসে সংবাদ স্বাধীনতার মৌলিক নীতিসমূহ উদযাপন করা হয় যা বিভিন্ন দেশের সরকারকে সংবাদমাধ্যমের স্বাধীনতার প্রতি থাকা দায়বদ্ধতাকে সম্মান জানানোর প্রয়োজনীয়তার বিষয়ে স্মরন করিয়ে দেয় ।

আসামেও বিশ্ব সংবাদ মাধ্যম স্বাধীনতা দিবসের কার্যসূচী গ্রহণ করা হয়েছে ।

---